

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, এপ্রিল ১০, ২০২৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৭ চৈত্র, ১৪৩২/১০ এপ্রিল, ২০২৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৭ চৈত্র, ১৪৩২ মোতাবেক ১০ এপ্রিল, ২০২৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

২০২৬ সনের ৭৬ নং আইন

The Excises and Salt Act, 1944 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Excises and Salt Act, 1994 (Act No. 1 of 1944) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Excises and Salt (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) এই আইন ৯ জানুয়ারি ২০২৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Act No. I of 1944 এর FIRST SCHEDULE এর সংশোধন।**—The Excises and Salt Act, 1944 (Act No. I of 1944) এর FIRST SCHEDULE এর PART-II এর “SERVICES” শিরোনামাধীন টেবিলের কলাম (1) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (3) এর—

(ক) Para (a) এ উল্লিখিত “Taka 300.00 (three hundred)” শব্দগুলি, সংখ্যা এবং বন্ধনীর পরিবর্তে “Taka 700.00 (seven hundred)” শব্দগুলি, সংখ্যা এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(১৬০২৯)

মূল্য : টাকা ৪.০০

- (খ) Para (b) এ উল্লিখিত “Taka 3000.00 (three thousand)” শব্দগুলি, সংখ্যা এবং বন্ধনীর পরিবর্তে “Taka 4000.00 (four thousand)” শব্দগুলি, সংখ্যাটি এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৩। **রহিতকরণ ও হেফাজত।**—(১) The Excises and Salt (Amendment) Ordinance, 2025 (Ordinance No. 2 of 2025) এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত অধ্যাদেশের অধীন কৃত কোনো কাজকর্ম বা গৃহীত কোনো ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ডুইয়া
সচিব।